

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৩৮.২১-১০৯৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

বিষয়: রিট পিটিশন নং- ৪৭৩১/২০২১ এ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগ-এর সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ০৩/০৬/২০২১ তারিখে প্রেরিত।

শৈলকুপা উপজেলাধীন ১৩ নং উমেদপুর এবং ৯ নং মনোহরপুর ইউপি ভবন শৈলকুপা পৌরসভার অনুকূলে হস্তান্তরের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ২৯/০৩/২০০৯ তারিখের ৪৪৯ নং স্মারক চ্যালেঞ্জ এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তেঃ বুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। রিটের ৩নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, ঝিনাইদহ।

২। এমতাবস্থায়, বিবেচ্য মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ তর্কিত বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এ সঞ্চে প্রেরণ করা হলো।

সংযুক্তি:.....(পাতা)।



১-৯-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

ইমেইল:

mohiuddinshameem952@gmail.com

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৩৮.২১-১০৯৬/১(৫)

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৮

০১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, শাহাবাগ, ঢাকা-১০০০।

২) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

৩) উপসচিব, পৌরসভা-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ

৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ

৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



১-৯-২০২১  
মোঃ মহিউদ্দীন শামীম  
সহকারি সচিব